ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২২৮৭</u>

আগরতলা,১১ আগস্ট,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘চিকিৎসকের অসৌজন্যমূলক আচরণে ক্ষোভ,’’ এই শিরোনামে গত ৭ আগস্ট, ২০২৫ আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে জানানো হয়েছে, খোয়াই জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট-এর প্রদত্ত রিপোর্ট অনুসারে গত ৬ আগস্ট, ২০২৫ সাংবাদিকদের সঙ্গে আলোচনাক্রমে বিষয়টির সমাধান হয়েছে। এ প্রসঙ্গে জানানো যাচ্ছে যে, ইতিপূর্বে আজকের ফরিয়াদ পত্রিকায় ৩১ জুলাই, ২০২৫ এই ঘটনাটি ঘিরে একটি সংবাদ প্রকাশিত হয়েছিল। সরকারি প্রেস রিলিজের মাধ্যমে চিকিৎসকের বক্তব্যের ভিত্তিতে ৬ আগস্ট, ২০২৫ এই ঘটনাটি সম্পর্কে একটি স্পষ্টিকরণ প্রদান করা হয়েছে।

*****